গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক,ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০১.০২.০০.০০০.২০২০. ৪৫৪ তাং- ০৭.০১.২০২১

বিষয়ঃ ডিসেম্বর /২০২০খ্রি. মাসের ইনোভেশন টিমের মাসিক সভার নোটিশ ও নলেজ শেয়ারিং কার্যক্রম।

আগামী ১১ জানুয়ারী ২০২১ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় পরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন) প্রাণিসম্পদ অধিদপ্তর মহোদয়ের সভাপতিত্বে অধিদপ্তরের ইনোভেশন টীমের সভা ও নলেজ শেয়ারিং প্রোগ্রাম অনুষ্ঠিত হবে।

তারিখ ও বার	সময়	স্থান
১১. ০১.২০২১ সোমবার	বিকাল ৩.০০ ঘটিকা	পরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন) -এর দপ্তর কক্ষ নং-২০৯, প্রাণিসম্পদ ভবন-০১ প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

২। সভার আলোচ্যসূচী-
(ক) এপিপি ২০২১ ও বাজেট বিভাজন।
(খ) প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা সংক্রান্ত (১দিন/২দিন/৫দিন)
(গ) এস.এম, এস সার্ভিস সেবা চলমান রাখার জন্য সফটওয়্যার কোম্পানীর সাথে চুক্তি।
(ঘ) ই-ভেট-সার্ভিস
(ঙ) পরিদর্শন ও নলেজ শেয়ারিং সংক্রান্ত
(চ) বিবিধ।

৩। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য/উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল।

07/01/2021
(ডা. শেখ আজিজুর রহমান)
পরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন) ও
ইনোভেশন অফিসার
প্রাণিসম্পদ অধিদপ্তর,ফার্মগেট, ঢাকা।

07.01.2021

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। উপপরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট,, ঢাকা।
২। ডা.মলয় কুমার শুর, সহকারী পরিচালক(লীভ/রিজার্ভ) ও সদস্য, ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৩। ডা. মোঃ রফিকুল ইসলাম, ইউএলও ও ফোকাল পয়েন্ট (দুর্যোগ ব্যবস্থাপনা) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৪। মোঃ শামীম হোসেন, ইউএলও সংযুক্তি- আইসিটি শাখা, সদস্য, ইনোভেশন টীম, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৫। ড. এবিএম মুস্তানুর রহমান, ইউএলও(লীভ/রিজার্ভ) ও উপপ্রকল্প পরিচালক ও সদস্য, ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৬। ডাঃ মোঃ মনিরুজ্জামান তরফদার, বৈজ্ঞানিক কর্মকর্তা, সংযুক্তি-পরিকল্পনা ও মূল্যায়ন শাখা, সদস্য ইনোভেশন টীম, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতিও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পিএটু মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা। ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
২। যুগ্ম সচিব (ব্লু ইকোনমি) ও চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা আপনার সদয় অবগতির জন্য।
৩। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা। (আপনার দপ্তরের ইনোভেশন টিমের একজন সদস্যকে প্রেরণের অনুরোধসহ)
৪। উপপরিচালক (বাজেট), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। (উক্ত সভায় আনুমানিক ১০ জনের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫। অফিস কপি.

ইনোভেশন টীম প্রাণিসম্পদ অধিদপ্তরের ডিসেম্বর /২০২০ মাসের সভার কার্যবিবরণী-

অদ্য ১১.০১.২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টীমের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন ও ইনোভেশন অফিসার জনাব ডা. শেখ আজিজুর রহমান। সভার শুরুতে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি এজেন্ডা অনুযায়ী আলোচনার জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক তে প্রদান করা হলো।

ডা. রফিকুল ইসলাম, ফোকাল পার্সন কর্মকর্তা, ইনোভেশন সভাকে জানান যে, ২০২০-২০২১ অর্থবৎসরের ইনোভেশনের বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী বাজেট পুনঃ বিভাজন করা যেতে পারে।

২০২০-২০২১ অর্থ বৎসরে ২৬টি ইউনিয়নে ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র এবং ৬ টি উপজেলায় স্বপ্ন ছোয়ার সিড়ি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র বাস্তবায়নের জন্য ৩০০০০০/(তিন লক্ষ টাকা) বরাদ্দ করা হয়। স্বপ্ন ছোঁয়ার সিড়ি বাস্ত বায়নের জন্য উপজেলা প্রতি ২০০০০০/ (দুই লক্ষ টাকা) বরাদ্দ রাখা হয়েছে। জনগুরুত্ব বিবেচনায় ইউনিয়ন সেবাকেন্দ্র এবং স্বপ্ন ছোয়ার সিড়ি বাস্তবায়নের স্থান নির্বাচন করা হয়েছে।

ইতোপুর্বে বাস্তবায়িত ৮০টি ইউনিয়ন প্রাণিসম্পদ কেন্দ্রের কার্যক্রম চলমান আছে। ইতিমধ্যে ৭টি উপজেলা পরিদর্শন করা হয়েছে। উদ্দশ্য অনুযায়ী জনগণ প্রাণিসম্পদের সেবা তাদের দোরগোড়ায় পেয়ে যাচ্ছে।

প্রশিক্ষণ/ সেমিনার/কর্মশালা

এ বিষয়ে বাজেট প্রাওয়া গিয়াছে । খাতওয়ারী বাজেট বিভাজন করা হয়েছে। মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে সাপেক্ষে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করা হবে। ইনোভেশন টীমের সভা ও নলেজ শেয়ারিং কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

এস এম এস সার্ভিস

প্রাণিসম্পদ অধিদপ্তরের এস এম এস সার্ভিস আংশিক চলমান আছে। কারিগরী ত্রুটি সংশোধন করা গেলে সম্পুর্ণরুপে কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হবে। ত্রুটি সংশোধন কার্যক্রম চলমান আছে। সেবাটি চালু রাখার জন্য কানেক্টিভিটি বিল পরিশোধ করতে হবে। মাসিক পাঁচ হাজার টাকা হিসাবে বার্ষিক ষাট হাজার টাকা পরিশোধ করতে হবে। প্রয়োজনে EOI আহবান করা যেতে পারে।

ই-ভেট সার্ভিস

প্রাণিসম্পদ অধিদপ্তরের ই-ভেট সার্ভিস পাইলটিং সমাপ্ত হয়েছে। ই-ভেট কার্যক্রমের মূল্যায়ন সভা প্রক্রিয়াধীন আছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে মূল্যায়ন সভা সে কোন সময় আহবান করা যেতে পারে। ২০২০-২০২১ অর্থ বৎসরে আরো কয়েকটি উপজেলাসহ সার্ভিসটি চালু করা যায় কিনা পরবর্তি মিটিংএ সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। এটুআই কর্তৃপক্ষের সাথে আলোচনা পর সিদ্ধান্ত গ্রহন করা হয় যে, ভেন্ডরকর্তৃক NOC দেওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ইতিমধ্যে ভেন্ডর জানিয়েছে যে, ডিএলএস কর্তৃপক্ষের উপস্থিতিতে NOC প্রদান করা হবে। ইভেট সার্ভিসের প্রশিক্ষণের জন্য নাজিরপুর পিরোজপুর, বাউফল পটুয়াখালী, বাবুগঞ্জ বরিশাল, নাচোল চাঁপাইনওয়াবগঞ্জ, পঞ্চগড় সদর, জৈন্তাপুর সিলেট,বেগমগঞ্জ নোয়াখালী,মনিরামপুর যশোর, ত্রিশাল ময়মনসিংহ, হেসেনপুর কিশোরগঞ্জ জেলাকে নির্বাচন করা হয়।

পরিদর্শন ও নলেজ শেয়ারিং

২০২০-২০২১ সালের নলেজ শেয়ারিং প্রোগ্রাম যথারীতি সম্পন্ন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনাপূর্বক প্রশিক্ষণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের এস আই পি

২০২০-২০২১ অর্থ বৎসরে প্রাণিসম্পদ অধিদপ্তরের এস আই পি কার্যক্রমের আওতায় নলেজ সেন্টার/লাইব্রেরী/বঙ্গাবন্ধু কর্ণার সহ অন্যন্য এস আইপি স্থাপনের পরিকল্পনা রয়েছে। ডিজিটাল প্রবেশদ্বার স্থাপনের পরিকল্পনা রয়েছে। অগ্রাধিকার ভিত্তিতে কার্যক্রম বাস্তবায়িত হবে।

২০২০-২০২১ অর্থবৎসরের ইনোভেশন কার্যক্রম যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১১।০১।২০২১

(ডা.মোঃ রফিকুল ইসলাম)
ফোকাল পার্সন কর্মকর্তা ইনোভেশন ও ইউএলও
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

স্মারক নং- ৩৩.০১.০০১.০২.০০.০০০.২০২০. ৪২৯ তাং-১১.০১.২০২১

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। উপপরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট,, ঢাকা।
২। ডা.মলয় কুমার শুর, সহকারী পরিচালক(লীভ/রিজার্ভ) ও সদস্য, ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৩। ডা. মোঃ রফিকুল ইসলাম, ইউএলও ও ফোকাল পয়েন্ট (দুর্যোগ ব্যবস্থাপনা) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৪। মোঃ শামীম হোসেন, ইউএলও সংযুক্তি- আইসিটি শাখা, সদস্য, ইনোভেশন টীম, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৫। ড. এবিএম মুস্তানুর রহমান, ইউএলও(লীভ/রিজার্ভ) ও উপপ্রকল্প পরিচালক ও সদস্য, ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৬। ডাঃ মোঃ মনিরুজ্জামান তরফদার, বৈজ্ঞানিক কর্মকর্তা, সংযুক্তি-পরিকল্পনা ও মূল্যায়ন শাখা, সদস্য ইনোভেশন টীম, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর।
২। জনাব তৌফিকুল আরিফ, যুগ্মসচিব(ব্লু-ইকোনমি) ও চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। আইসিটি শাখা, প্রাণিসম্পপদ অধিদপ্তর(ওয়েবসাইটে প্রেরণের জন্য)।
৪। দপ্তর কপি।